বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩২.০০৪.২৩.১৩৪৭

তারিখ: ৯ আষাঢ় ১৪৩০
২৩ জুন ২০২৩

বিষয়: **বর্ষা মৌসুমে বন্যাপ্রবণ এলাকায় নিরবচ্ছিন্ন ও মানসম্মত টেলিযোগাযোগ নেটওয়ার্ক নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: বিটিআরসির পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩২.০০৪.২৩.১৩১৫, তারিখ- ১৯/০৬/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান বর্ষা মৌসুমে দেশের উজানে ও উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন স্থানে (যেমনঃ কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, রংপুর, নীলফামারী ইত্যাদি) ভারি থেকে অতিভারি বৃষ্টিপাতের কারণে নদ-নদীসমূহের পানি বৃদ্ধি পেয়েছে যা বিপদসীমার নিকটবর্তী। বৃষ্টিপাত অব্যাহত থাকলে উক্ত এলাকা সমূহের পানি বিপদসীমা অতিক্রম করবে মর্মে আশঙ্কা করা হচ্ছে। এপ্রেক্ষিতে উল্লেখ্য যে, বন্যাপ্রবণ এলাকা কুড়িগ্রামের বিভিন্ন অঞ্চল ইতোমধ্যে প্লাবিত হয়েছে। উক্ত এলাকার পানিবন্দী মানুষের জনজীবন বিপর্যস্ত হচ্ছে। বন্যাপ্লাবিত অঞ্চলের সাধারণ জনগণ জান-মালের ক্ষয়-ক্ষতি সহ অনেক ভোগান্তির সম্মুখীন হয়ে থাকে। এ ধরনের প্রাকৃতিক দুর্যোগের যথাযথ প্রস্তুতি, দুর্যোগকালীন সময়ে জীবন এবং সম্পদ রক্ষা এবং দুর্যোগ পরবর্তী অবকাঠামো পুনর্গঠন, উদ্ধার তৎপরতা, ত্রাণ এবং সহায়তা প্রদান ইত্যাদি কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা অপরিহার্য। তবে বন্যাপ্লাবিত এলাকায় লোডশেডিং এর ফলে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা বিঘ্নিত হয় যা দুর্যোগ মোকাবেলার কার্যক্রমে বাধা সৃষ্টি করে।

এমতাবস্থায়, চলমান বর্ষা মৌসুমে সূত্রস্থ পত্রের উল্লিখিত এলাকার পাশাপাশি কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, রংপুর, নীলফামারী ইত্যাদি জেলা ও আশেপাশের এলাকায় সম্ভাব্য বন্যা পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট টেলিকম অপারেটরদের নিজস্ব নেটওয়ার্ক ব্যবস্থা অটুট রেখে পর্যাপ্ত পাওয়ার ব্যাকআপ (ব্যাটারি-ব্যাকআপ, ডিজেল জেনারেটর, পোর্টেবল জেনারেটর ইত্যাদি)-এর ব্যবস্থা গ্রহণ সহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৩-৬-২০২৩
মোঃ গোলাম রাজ্জাক
পরিচালক (১)
ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১
ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

বিতরণ :

১) প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক,
মোবাইল নেটওয়ার্ক অপারেটর (সকল)

২) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক,
টাওয়ারকো অপারেটর (সকল)

৩) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক,
NTTN অপারেটর (সকল)

৪) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক,
ILDC (ITC ও BSCCL) অপারেটর (সকল)


৫) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক,
IGW অপারেটর (সকল)

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক, ICX অপারেটর (সকল)
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক, NIX অপারেটর (সকল)
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা / ব্যবস্থাপনা পরিচালক, IPTSP অপারেটর (সকল)
৯) সেক্রেটারি জেনারেল, AMTOB, (সকল মোবাইল নেটওয়ার্ক অপারেটরের সাথে সমন্বয় সাধনের জন্য)
১০) সভাপতি, আইএসপিএবি (ISPAB) (সকল আইএসপি অপারেটরের সাথে সমন্বয় সাধনের জন্য)
১১) সভাপতি, আইআইজিএবি (IIGAB) (সকল আইআইজি অপারেটরের সাথে সমন্বয় সাধনের জন্য)

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩২.০০৪.২৩.১৩৪৭/১(২)

তারিখ: ৯ আষাঢ় ১৪৩০ / ২৩ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৩-৬-২০২৩
মাহদী আহমদ
উপ পরিচালক